রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১৫, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ৩১ বৈশাখ ১৪২১ বঙ্গাব্দ/১৪ মে ২০১৪ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৭৪-আইন/২০১৪।—বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (২০১৩ সনের ৬১নং আইন) এর ধারা ১২ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **"আইন"** অর্থ বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (২০১৩ সনের ৬১নং আইন);

(২) **"ট্রাভেল এজেন্সি"** অর্থ আইনের ধারা ৫ এর অধীন নিবন্ধিত ট্রাভেল এজেন্সি;

(৩) **"নিবন্ধন কর্তৃপক্ষ"** অর্থ এই আইনের ধারা ৩ এর অধীন নির্ধারিত নিবন্ধন কর্তৃপক্ষ;

(৪) **"নিবন্ধন নবায়ন সনদ"** অর্থ ফরম-৩ অনুসারে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নিবন্ধন নবায়ন সনদ;

(৫) **"নিবন্ধন সনদ"** অর্থ ফরম-২ অনুসারে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নিবন্ধন সনদ;

(৬) **"ফরম"** অর্থ এই বিধিমালার ফরম।



মূল্য ঃ টাকা ১২.০০

৩। **নিবন্ধন সনদের জন্য আবেদন**।—(১) কোন ব্যক্তি ট্রাভেল এজেন্সি প্রতিষ্ঠা বা পরিচালনা করিতে চাহিলে, নিবন্ধন সনদের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রসহ নিবন্ধন কর্তৃপক্ষের নিকট ফরম-১ অনুসারে আবেদন করিতে হইবে, যথা :—

(ক) আইনের ধারা ৫ এর উপ-ধারা (১) এর তফা (ক) হইতে দফা (ঙ) তে বর্ণিত কাগজপত্র;

(খ) আবেদন ফি বাবদ ৫ (পাঁচ) হাজার টাকা সরকার কর্তৃক নির্ধারিত কোডে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান এবং উক্ত ট্রেজারি চালানের মূলকপি;

(গ) ট্রাভেল এজেন্সি ব্যবসা পরিচালনার জন্য প্রারম্ভিক মূলধন হিসাবে কোন তফসিলি ব্যাংকে ১০ (দশ) লক্ষ টাকা স্থিতির ব্যাংক সার্টিফিকেট।

(২) নিবন্ধন কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে আবেদনের সহিত দাখিলকৃত তথ্যাবলী ও কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করিবে, এবং প্রয়োজনে, পরীক্ষা-নিরীক্ষার পর্যায়ে আবেদনকারীর নিকট হইতে সংশ্লিষ্ট যে কোন তথ্য ও কাগজপত্র চাইতে পারিবে।

৪। **নিবন্ধন সনদ ইস্যু ও মেয়াদ**।—(১) বিধি ৩ এর উপ-বিধি (২) এর অধীন আবেদনে উল্লিখিত তথ্যাবলী পরীক্ষা-নিরীক্ষা করিবার পর নিবন্ধন কর্তৃপক্ষ উহার সঠিকতা সম্পর্কে—

(ক) নিশ্চিত হইলে—

(অ) কোড নং **১-৫৩০১-০০০১১৮১৬** "বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়-সচিবালয়-সচিবালয়-ফার্মস এন্ড কোম্পানীজ রেজিস্ট্রেশন ফিস"-এ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা নিবন্ধন সনদ ফি ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদানের জন্য আবেদনকারীকে পত্র দ্বারা অবহিত করিবে এবং আবেদনকারী উক্ত পত্র প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে নিবন্ধন সনদ ফি জমা প্রদানপূর্বক উহার মূল কপি নিবন্ধন কর্তৃপক্ষের নিকট দাখিল করিবে;

(আ) আইন কার্যকর হইবার অব্যবহিত পূর্বে নিবন্ধিত ট্রাভেল এজেন্সিকে ২৫ (পঁচিশ) হাজার টাকা নিবন্ধন সনদ ফি ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে:

(খ) নিশ্চিত না হইলে, নিবন্ধন সনদের আবেদন নামঞ্জুর করিতে পারিবে এবং কারণ লিপিবদ্ধ করিয়া উক্তরূপ নামঞ্জুরের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) দিনের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর দফ (ক) এর অধীন নিবন্ধন সনদ ফি প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে নিবন্ধন কর্তৃপক্ষ আবেদন মঞ্জুর করিয়া আইনের ধারা ৭ এর উপ-ধারা (১) এর বিধান অনুসারে ৩ (তিন) বৎসরের জন্য ফরম-২ অনুযায়ী আবেদনকারী বরাবরে নিবন্ধন সনদ ইস্যু করিবে।

৫। **নিবন্ধন নবায়ন সনদের জন্য আবেদন**।—(১) নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার অন্যূন ৬০ (ষাট) দিন পূর্বে নিবন্ধন নবায়ন সনদের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রসহ নিবন্ধন কর্তৃপক্ষের নিকট ফরম-১ অনুসারে আবেদন করিতে হইবে, যথা :—

(ক) বিধি ৩ এর দফা (ক) হইতে দফা (গ) এ উল্লিখিত কাগজপত্র;

(খ) বাৎসরিক ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা ব্যবসায়িক লেনদেন সংক্রান্ত প্রমাণপত্র;

(গ) কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের তালিকা;

(ঘ) নিবন্ধন সনদ এর অনুলিপি; এবং

(ঙ) লিমিটেড কোম্পানী এর ক্ষেত্রে চার্টার্ড একাউনট্যান্ট ফার্ম কর্তৃক নিরীক্ষিত পূর্ববর্তী ৩ (তিন) বৎসরের নিরীক্ষা প্রতিবেদন।

(২) নিবন্ধন কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে আবেদনের সহিত দাখিলকৃত তথ্যাবলী ও কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করিবে, এবং প্রয়োজনে, পরীক্ষ-নিরীক্ষার পর্যায়ে আবেদনকারীর নিকট হইতে সংশ্লিষ্ট যে কোন তথ্য ও কাগজপত্র চাইতে পারিবে।

৬। **নিবন্ধন নবায়ন সনদ ইস্যু ও মেয়াদ।**—(১) বিধি ৫ এর উপ-বিধি (২) এর অধীন আবেদনে উল্লিখিত তথ্যাবলী পরীক্ষা-নিরীক্ষা করিবার পর নিবন্ধন কর্তৃপক্ষ উহার সঠিকতা সম্পর্কে—

(ক) নিশ্চিত হইলে, কোড নং ১-৫৩০১-০০০১-১৮১৬ "বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়-সচিবালয়-সচিবালয়-ফার্মস এন্ড কোম্পানীজ রেজিস্ট্রেশন ফিস" এ ২৫ (পঁচিশ) হাজার টাকা নিবন্ধন নবায়ন সনদ ফি ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদানের জন্য আবেদনকারীকে পত্র দ্বারা অবহিত করিবে এবং আবেদনকারী উক্ত পত্র প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে নিবন্ধন নবায়ন সনদ ফি জমা প্রদানপূর্বক উহার মূল কপি নিবন্ধন কর্তৃপক্ষের নিকট দাখিল করিবে;

(খ) নিশ্চিত না হইলে, নিবন্ধন নবায়ন সনদের আবেদন নামঞ্জুর করিতে পারিবে এবং কারণ লিপিবদ্ধ করিয়া উক্তরূপ নামঞ্জুরের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) দিনের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর দফা (ক) এর অধীন নিবন্ধন নবায়ন সনদ ফি প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে নিবন্ধন কর্তৃপক্ষ আবেদন মঞ্জুর করিয়া ৩ (তিন) বৎসরের জন্য ফরম-৩ অনুযায়ী আবেদনকারী বরাবরে নিবন্ধন নবায়ন সনদ ইস্যু করিবে।

৭। **ডুপ্লিকেট সনদ ইস্যু ও মেয়াদ।**—(১) কোন কারণে ট্রাভেল এজেন্সির অনুকূলে ইস্যুকৃত নিবন্ধন সনদ বা নিবন্ধন নবায়ন সনদ বিনষ্ট হইলে অথবা হারাইয়া গেলে উক্ত ট্রাভেল এজেন্সি যুক্তিসঙ্গত কারণ ও সংশ্লিষ্ট প্রমাণপত্রসহ ডুপ্লিকেট সনদ ইস্যুর জন্য নিবন্ধন কর্তৃপক্ষের নিকট কোড নং ১-৫৩০১-০০০১-১৮১৬ "বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়-সচিবালয়-সচিবালয় ফার্মস এন্ড কোম্পানীজ রেজিস্ট্রেশন ফিস" এ ট্রেজারী চালানের মাধ্যমে ৫ (পাঁচ) হাজার টাকা ফি জমা প্রদানপূর্বক আবেদন করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত তথ্যাবলী পরীক্ষা-নিরীক্ষা করিবার পর নিবন্ধন কর্তৃপক্ষ উহার সঠিকতা সম্পর্কে—

(ক) নিশ্চিত হইলে, আবেদনকারীর অনুকূলে সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) দিনের মধ্যে ডুপ্লিকেট সনদ ইস্যু করিবে;

(খ) নিশ্চিত না হইলে, আবেদন নামঞ্জুর করিতে পারিবে এবং কারণ লিপিবদ্ধ করিয়া উক্তরূপ নামঞ্জুরের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) দিনের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করিতে হইবে।

(৩) ডুপ্লিকেট সনদের মেয়াদ হইবে উক্ত সনদ ইস্যুর তারিখ হইতে, ক্ষেত্রমত, মূল নিবন্ধন সনদ অথবা নিবন্ধন নবায়ন সনদের অবশিষ্ট মেয়াদকাল পর্যন্ত।

৮। **সনদ প্রদর্শন**।—প্রত্যেক ট্রাভেল এজেন্সি তাহার ব্যবসাস্থলের দৃশ্যমান, স্থানে, ক্ষেত্রমত, মূল নিবন্ধন সনদ অথবা নিবন্ধন নবায়ন সনদ প্রদর্শনের ব্যবস্থা করিবে।

৯। **তথ্য প্রদান**।—সরকার বা নিবন্ধন কর্তৃপক্ষ, প্রয়োজনে, যে কোন সময়ে ট্রাভেল এজেন্সির নিকট হইতে উহার ব্যবসা সম্পর্কিত যে কোন তথ্য প্রদানের জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে এবং ট্রাভেল এজেন্সি উহা প্রদান করিতে বাধ্য থাকিবে।

১০। **ব্যবসার সমাপ্তি ও নিবন্ধন সনদ সমর্পণ, ইত্যাদি**।—(১) কোন ট্রাভেল এজেন্সি উহার ব্যবসা সমাপ্ত করিতে চাইলে অন্যূন ১ (এক) মাস পূর্বে নিবন্ধন কর্তৃপক্ষকে লিখিতভাবে উহার ব্যবসা সমাপ্ত করিবার অভিপ্রায় অবহিত করিবে এবং ব্যবসা সমাপ্ত করিবার তারিখ হইত ১৫ (পনেরো) দিনের মধ্যে, ক্ষেত্রমত, উহার মূল নিবন্ধন সনদ অথবা নিবন্ধন নবায়ন সনদ নিবন্ধন কর্তৃপক্ষের নিকট সমর্পণ করিবে।

(২) আইনের ধারা ৯ এর উপ-ধারা (১) এর অধীন কোন ট্রাভেল এজেন্সির নিবন্ধন সনদ বা নিবন্ধন নবায়ন সনদ স্থগিত বা বাতিল করা হইলে উক্ত আদেশপ্রাপ্তির তারিখ হইতে ১৫ (পনেরো) দিনের মধ্যে সংশ্লিষ্ট ট্রাভেল এজেন্সি স্থগিত বা বাতিলকৃত নিবন্ধন সনদ বা নিবন্ধন নবায়ন সনদ নিবন্ধন কর্তৃপক্ষের নিকট সমর্পণ করিবে।

১১। **আপিল নিষ্পত্তি**।—(১) আইনের ধারা ১০ এর অধীন আপিল করার ক্ষেত্রে কোড নং ১-৫৩০১-০০০১-১৮১৬ "বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়-সচিবালয়-সচিবালয়-ফার্মস এন্ড কোম্পানিজ রেজিস্ট্রেশন ফিস" এ ট্রেজারী চালানের মাধ্যমে ৫ (পাঁচ) হাজার টাকা ফি জমা প্রদানপূর্বক সরকারের নিকট আপিল করা যাইবে।

(২) সরকার যেরূপ উপযুক্ত মনে করিবে, সেইরূপ তদন্ত ও শুনানীঅন্তে আপিল নিষ্পত্তি করিবে।

(৩) আপিল আবেদনপ্রাপ্তির তারিখ হইতে ৯০ (নব্বই) কার্যদিবসের মধ্যে উহা নিষ্পত্তি করিতে হইবে।

(৪) সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ**।—(১) এই বিধিমালা কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) ইংরেজি পাঠ এবং মূল বাংলা পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

১৩। **রহিতকরণ ও হেফাজত**।—(১) Bangladesh Travel Agencies (Registration and Control) Rules, 1977 রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও রহিত Rules এর অধীন কৃত কোন কার্য বা গৃহীত কোন ব্যবস্থা বা জারীকৃত কোন আদেশ, বিজ্ঞপ্তি বা প্রজ্ঞাপন, এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন কৃত, গৃহীত এবং জারীকৃত বলিয়া গণ্য হইবে।

## ফরম-১

আবেদন ফরম

(নিবন্ধন সনদ/নিবন্ধন নবায়ন সনদ) [ প্রযোজ্য ক্ষেত্রে (√) টিক দিন ]

[ বিধি ৩ এর উপ-বিধি (১) ও বিধি ৫ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য ]

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনকারী নাম | : | |
| ২। | (ক) পিতার নাম/স্বামীর নাম<br>(খ) মাতার নাম | : | |
| ৩। | ঠিকানা :<br>(ক) স্থায়ী ঠিকানা<br>(খ) বর্তমান ঠিকানা | :<br>: | |
| ৪। | পেশা | : | |
| ৫। | জাতীয়তা | : | |
| ৬। | ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপির কপি | : | |
| ৭। | ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন) (টিআইএন সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপির সর্বশেষ ট্যাক্স পরিশোধের প্রমাণপত্রের কপি সংযুক্ত করিতে হইবে। | : | |
| ৮। | বিজনেস আইডেনটিফিকেশন নম্বর (BIN) [যদি থাকে] (BIN সার্টিফিকেটের কপি সংযুক্ত করিতে হইবে) | : | |
| ৯। | ব্যবসায়িক ঠিকানা, টেলিফোন, ফ্যাক্স ও ই-মেইল নম্বর | : | |
| ১০। | ব্যবসা প্রতিষ্ঠানের বিবরণ :<br>(ক) ভবনের মালিকানা (নিজস্ব/ভাড়াকৃত)<br>(খ) আয়তন<br>(ব্যবসায়িক ঠিকানার মালিকানা সংক্রান্ত প্রমাণপত্র অথবা ভাড়ার চুক্তি পত্রের কপি সংযুক্ত করিতে হইবে। | :<br>: | |
| ১১। | কোম্পানী হইলে, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন, আর্টিকেলস্ অব এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকর্পোরেশনের সত্যায়িত অনুলিপির কপি | : | |
| ১২। | এজেন্সির নাম | : | |
| ১৩। | ভ্রমণের সহিত সংশ্লিষ্ট পরিবহন, আবাসন ও অনুরূপ অন্যান্য সুবিধা প্রদানের ক্ষেত্রে কোন ব্যক্তির নিকট হইতে অতিরিক্ত অর্থ গ্রহণ করিবে না বা তাহাকে মিথ্যা প্রলোভন দেখাইবে না বা তাহার সহিত কোন প্রতারণার আশ্রয় গ্রহণ করা হইবে না মর্মে হলফনামা কপি সংযুক্ত করিতে হইবে। | : | |

| | | | |
|---|---|---|---|
| ১৪। | এজেন্সির মালিকানার ধরন | : | |
| ১৫। | পরিচালক/স্বত্বাধিকারী/অংশীদারগণের বিবরণ | : | |
| ১৬। | এজেন্সির ব্যাংক হিসাবের বিবরণ :<br>(ক) ব্যাংকের নাম<br>(খ) একাউন্ট নম্বর<br>(গ) শাখার নাম | :<br>: | |
| ১৭। | ট্রেজারী চালানের নম্বর (ট্রেজারী চালানের মূলকপি সংযুক্ত করিতে হইবে) | : | |
| ১৮। | নিবন্ধন সনদ নম্বর (শুধুমাত্র নবায়নের ক্ষেত্রে পূরণযোগ্য) নিবন্ধন সনদের কপি সংযুক্ত করিতে হইবে। | : | |
| ১৯। | কর্মকর্তা-কর্মচারীদের বিবরণ (শুধুমাত্র নবায়নের ক্ষেত্রে পূরণযোগ্য) | : | |
| ২০। | নবায়নের সময়কাল | : | |

স্বাক্ষর
(আবেদনকারীর পূর্ণ নাম)
সীল

পরিচালক/স্বত্বাধিকারী/অংশদারীগণের বিবরণ

| নাম | ঠিকানা | জাতীয়তা | এজেন্সিতে পদমর্যাদা |
|---|---|---|---|
| | | | |

স্বাক্ষর
(আবেদনকারীর পূর্ণ নাম)
সীল

কর্মকর্তা-কর্মচারীগণের বিবরণ

| নাম ও পদবী | জাতীয়তা | শিক্ষাগত যোগ্যতা | নিয়োগের তারিখ | অভিজ্ঞতা | পাসপোর্ট নম্বর (বিদেশী নাগরিকদের ক্ষেত্রে) |
|---|---|---|---|---|---|
| | | | | | |

স্বাক্ষর
(আবেদনকারীর পূর্ণ নাম)
সীল

ফরম-২

ট্রাভেল এজেন্সি নিবন্ধন সনদ
[বিধি ৪ এর উপ-বিধি (২) দ্রষ্টব্য]

(মনোগ্রাম)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

ট্রাভেল এজেন্সি নিবন্ধন সনদ

নিবন্ধন সনদ নম্বর :

তারিখ :

নিবন্ধন সনদ ইস্যুর তারিখ ঃ

নিবন্ধন সনদের মেয়াদ উত্তীর্ণের তারিখ ঃ

বরাবর ঃ

মেসার্স ঃ ----------------------

স্বত্বাধিকারী ঃ

জনাব ঃ ------------------------

ঠিকানা ঃ ------------------------

বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (২০১৩ সনের ৬১ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (২) এর দফা (ক) এবং বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৪ এর বিধি ৪ এর উপ-বিধি (২) এর বিধান অনুসারে মেসার্স --------------------- --------- কে -------------------- , খ্রিস্টাব্দ তারিখ হইতে ------------------- , খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত ৩(তিন) বৎসরের জন্য ট্রাভেল এজেন্সি হিসাবে নিবন্ধন করা হইল।

---------------------------

---------------------------

-----------------------------

নিবন্ধন কর্তৃপক্ষ

ফরম-৩

ট্রাভেল এজেন্সি নিবন্ধন নবায়ন সনদ
[বিধি ৬ এর উপ-বিধি (২) দ্রষ্টব্য]

(মনোগ্রাম)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

ট্রাভেল এজেন্সি নিবন্ধন নবায়ন সনদ

মূল নিবন্ধন সনদ নম্বর :

নিবন্ধন নবায়ন সনদ নম্বর :

তারিখ :

নিবন্ধন নবায়ন সনদ ইস্যুর তারিখ ঃ

নিবন্ধন নবায়ন সনদের মেয়াদ উত্তীর্ণের তারিখ ঃ

বরাবর ঃ

মেসার্স ঃ ----------------------

স্বত্বাধিকারী ঃ

জনাব ঃ ----------------------------

ঠিকানা ঃ

----------------------------------

বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (২০১৩ সনের ৬১ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (৩) এর দফা (ক) এবং বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৪ এর বিধি ৬ এর উপ-বিধি (২) এর বিধান অনুসারে মেসার্স ---------------------------------, ঠিকানাঃ ------------------------------ কে -----------------------, খ্রিস্টাব্দ তারিখ হইতে ------------------, খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত ৩ (তিন) বৎসরের জন্য ট্রাভেল এজেন্সি হিসাবে নিবন্ধন সনদ নবায়ন করা হইল।

--------------------------

--------------------------

--------------------------

নিবন্ধন কর্তৃপক্ষ

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খোরশেদ আলম চৌধুরী**

সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd